

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
জাতীয় রাজস্ব বোর্ড
রাজস্ব ভবন
আগারগাঁও, শেরে বাংলা নগর, ঢাকা।

[কাস্টমস: রপ্তানি ও বন্ড শাখা]

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০২.০০৪.২০২৩ (অংশ-১)/৩৬৬০

তারিখ: ৩০/০৭/২০২৩ খ্রিঃ।

বিষয়ঃ- বন্ড সুবিধায় আমদানিকৃত পণ্য চালান পরবর্তী অর্থবছরের প্রাপ্যতা হতে সমন্বয় সাপেক্ষে খালাসের অনাপত্তি (NOC) প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ মেসার্স সাবের ট্রেডার্স লিঃ এর ১১/০৭/২০২৩ খ্রিষ্টাব্দ তারিখের পত্র।

০২। সূত্রোক্ত আবেদনে উপস্থাপিত তথ্যমতে মেসার্স সাবের ট্রেডার্স লিমিটেড নামীয় প্রতিষ্ঠানের অনুকূলে গত ২৬/৫/২০২২খ্রিঃ অনুকূলে ২০২২-২০২৩ অর্থ বছরের জন্য ১২.৪৫ (বার লক্ষ পঁয়তাল্লিশ হাজার) মার্কিন ডলারের বার্ষিক আমদানি প্রাপ্যতা অনুমোদন করা হয়েছিল যা কিছুদিন পূর্বে শেষ হয়েছে। প্রতিষ্ঠানের আবেদন অনুযায়ী বিদেশী ডিপ্লোমেট ও বিশেষ সুবিধা প্রাপ্ত ব্যক্তিদের চাহিদা অনুযায়ী পণ্যসামগ্রী সরবরাহ করার নিমিত্তে কয়েকটি পণ্যচালান প্রত্যয়ন পত্রের ভিত্তিতে ২০২৩-২০২৪ অর্থ বছরের বার্ষিক আমদানি প্রাপ্যতা থেকে বিয়োজনের শর্তে খালাসের অনুমতি প্রদান করা হয়। উক্ত প্রাপ্যতার ভিত্তিতে বিধি অনুসারে বিভিন্ন সময়ে আমদানিকৃত পণ্য কাস্টম হাউজ চট্টগ্রাম কর্তৃক যথাযথ বিয়োজন পূর্বক খালাস করা হয়। বর্তমানে বন্দরে খালাসের অপেক্ষাধীন তাদের আমদানিকৃত নিম্ন বর্ণিত ০৩ (তিন) টি পণ্য চালান প্রত্যয়ন পত্রের ভিত্তিতে এবং ২০২৩-২৪ অর্থবছরের প্রাপ্যতা হতে বিয়োজনের শর্তে খালাসের জন্য আবেদন জানানো হয়েছে। যথাঃ

Sl. No.	Bill of Entry No. & Date	Invoice No. & Date	B/L No. & Date	Name of Goods & Quantity	Invoice Value	Port of Delivery
1)	C-1034430 dt. 03/07/2023	TMT18052023 dt. 28-05-2023	OOLU2719394470 dt. 30-05-2023	960 c/s. Whisky	USD 23,220.00	Custom House, Chattagram
2)	C-1053162 dt. 07/07/2023	PI.No.002-2023 dt. 18-05-2023	MAX/DXB/0114/2324 dt. 25-05-2023	1175 c/s. Food Items	USD 30,945.00	
3)	C-1053171 dt. 07/07/2023	WPB/2023/024B dt. 02-06-2023	YMLUN755249567 dt. 02-06-2023	16,870 c/s. Beer	Euro 48,940.00	

০৩। বর্ণিতাবস্থায়, আবেদনকারী প্রতিষ্ঠান কর্তৃক আমদানিকৃত বন্দরে অপেক্ষমান উপরেল্লিখিত ০৩ (তিন) টি পণ্যচালান নিম্নবর্ণিত শর্ত সাপেক্ষে খালাসের বিষয়ে অনাপত্তি প্রদান করা হলো :

শর্ত সমূহ :

- আরোপণীয় গুন্ড-করাদির দ্বিগুন পরিমাণ মূল্যের Duty Bond ও Risk Bond যথাযথ নন-জুডিশিয়াল স্ট্যাম্পে দাখিল করতে হবে;
- আমদানিকৃত পণ্য যথাযথভাবে ভাবে বন্ড রেজিস্টারে ইন্টু বন্ড ও এক্স বন্ড করতে হবে;
- আলোচ্য ইনভয়েসসমূহ আইনানুগভাবে নিরূপিত গুন্ডায়ন মূল্যে পরবর্তী ২০২৩-২০২৪ অর্থবছরের আমদানি প্রাপ্যতা থেকে বিয়োজন করা হবে।
- ২০২৩-২০২৪ অর্থবছরের প্রাপ্যতা অনুমোদনের পূর্বে আর কোন পণ্যচালান প্রত্যয়নপত্রের ভিত্তিতে খালাসের অনুমতি প্রদান করা হবে না।

৭৫:

নাঈমুন নাহার

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ই-মেইল-ssbondnrb@gmail.com

৩০/৭/২৩

ব্যবস্থাপনা পরিচালক

মেসার্স সাবের ট্রেডার্স লিমিটেড, বাড়ি নং-২৫, রোড নং-১০


গুলশান এভিনিউ, ঢাকা।

নথি নং-০৮.০১.০০০০.৫৬.০২.০০৪.২০২৩ (অংশ-১)/৩৬৫ (১)

তারিখ: ৩০/০৭/২০২৩ খ্রি:।

অনুলিপি: সদয় অবগতির জন্য (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ✓ ১। সিস্টেম ম্যানেজার, জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা (প্রজ্ঞাপনটি ওয়েবসাইটে আপলোডের অনুরোধসহ)।
- ০২। কমিশনার, কাস্টম হাউস, চট্টগ্রাম।
- ৩-৪। কমিশনার, কাস্টমস বন্ড কমিশনারেট, ঢাকা (উত্তর)/চট্টগ্রাম।
- ০৫। পি এ টু সদস্য (কাস্টমস: রপ্তানি, বন্ড ও আইটি), জাতীয় রাজস্ব বোর্ড, ঢাকা [সদস্য মহোদয়ের সদয় অবগতির জন্য]।
- ০৬-০৭। অফিস কপি/গার্ড কপি।



নাঈমুন নাহার ৩০/০৭/২০২৩

দ্বিতীয় সচিব (কাস্টমস: রপ্তানি ও বন্ড)
ই-মেইল-ssbondnabr@gmail.com